জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম
সাধারণ সভা -২০১৪

সভার ধরন : সাধারণ সভা

তারিখ : ১০ জুলাই, ২০১৪ইং

মোট উপস্থিতি : ৩২ জন

সভার স্থান : ফোরাম সচিবালয় এর হলরুম
৩/৭, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা।

আলোচ্যসূচি:

আলোচ্যসূচি:

- বিগত কার্যনির্বাহী সভার কার্যবিবরণী উপস্থাপন, পর্যালোচনা
- অনুষ্ঠিত গোলটেবিল বৈঠক পর্যলোচনা
- আগামী গোলটেবিল বৈঠক সম্পর্কিত আলোচনা
- সদস্য পদ হতে অব্যাহতি প্রদান (মুসলিম এইড বাংলাদেশ)
- জাতীয় কন্যাশিশু দিবস' ২০১৪
    - গৃহীত বিভিন্ন কর্মসূচিসমূহ
    - রচনা প্রতিযোগিতা
- দিবসের বাজেট এবং তহবিল সংগ্রহ সংক্রান্ত আলোচনা
- বিবিধ

গত ১০ জুলাই, ২০১৪ইং তারিখ ফোরাম সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি'র সভাপতিত্বে ফোরামের সাধারণ সভা দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ অফিসের হলরুমে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচনার ভিত্তিতে যেসকল সিদ্ধান্ত গৃহীত হয়, তা হলো :

সাধারণ সভার মূল আলোচনা ও সিদ্ধান্তসমূহ		
ক্রম	**বিষয়**	
১	**পূর্ববতী কার্যনির্বাহী পরিষদ সভা বিবরণী**	শুরুতে পূর্ববর্তী সাধারণ সভা বিবরণী উপস্থাপন করা হয়। বিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে এটি অনুমোদিত হয়।
	অনুষ্ঠিত গোলটেবিল বৈঠক পর্যলোচনা	গত ২২ জুন, ২০১৪ তারিখ অনুষ্ঠিত গোলটেবিল বৈঠক এর পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় যেসকল দিক উঠে আসে, তা হলো - ◁ কীনোট পেপার উপস্থাপন বেশ ভালো ছিলো ◁ পেনালিষ্ট হিসেবে অনেক বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন ◁ বিষয় নির্ধারণ সময়োপযোগী হয়েছে, অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ আইন চুড়ান্ত করার ক্ষেত্রে একটি ফলোআপ হয়েছে। ◁ আইনটি চুড়ান্ত না হওয়া পর্যন্ত ফোরামের বিভিন্ন কার্যক্রমের মধ্যে চুড়ান্ত করার বিষয়ে কর্মসূচি অব্যাহত রাখতে হবে, যাতে করে আইনটি যথাশীঘ্র চুড়ান্ত করা হয়। ◁ আইনটি চুড়ান্ত হলে সকলকে অবহিতকরণ সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া, যাতে করে ফোরামের এই অর্জন সম্পর্কে সকলে অবহিত হয়।
২	**আগামী গোলটেবিল বৈঠক সম্পর্কিত আলোচনা**	প্রযুক্তির অপব্যবহার Cyber Crime এর মাধ্যমে অনবরত আমাদের কন্যাশিশুরা নিগ্রহের শিকার হচ্ছে। এরই প্রেক্ষাপটে ফোরামের ধারাবাহিক গোলটেবিল বৈঠক আয়োজনের এবারের ইস্যু নির্ধারণ করা হয় Cyber Crime. আগামী আগস্ট মাসের মাঝামাঝি সময়ে গোলটেবিল বৈঠকটি আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত বৈঠক আয়োজনের সামগ্রিক ব্যয় ফোরাম সদস্য সংগঠণ প্ল্যান বাংলাদেশ বহন করবে।
৩	**সদস্য পদ হতে অব্যাহতি প্রদান অথবা কার্যক্রম থেকে বিরত রাখা**	যদি রাষ্ট্রের স্বার্থবিরোধী কোন সদস্য সংগঠণ অথবা ব্যক্তি সদস্য জড়িত থাকে অথবা সুনির্দিষ্ট অভিযোগ থাকে, তবে ফোরামের গঠণতন্ত্রের ধারা মোতাবেক উক্ত সংগঠণ বা ব্যক্তির সদস্য পদ বাতিল করা হবে। কার্যনির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক সাধারণ সভায়ও সিদ্ধান্ত হয় যে, সদস্য সংগঠণ মুসলিম এইড বাংলাদেশ এর সভাপতির নামে যেহেতু যুদ্ধাপরাধের সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে, রায় এখনো চুড়ান্ত হয়নি। তাই, এখনই মুসলিম এইড বাংলাদেশকে

<table>
<tr><td></td><td></td><td>সদস্য পদ হতে অব্যাহতি প্রদান না করে আপাততঃ ফোরামের সমস্ত কার্যক্রম থেকে বিরত রাখা হবে।</td></tr>
<tr><td>৪</td><td>কন্যাশিশু দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচি</td><td>দিবস উপলক্ষে প্রতিবছর গৃহীত কর্মসূচিসমূহ এবছরও অব্যাহত থাকবে। এছাড়াও সভায় নতুন করে যে বিষয়টি উঠে আসে, তা হলো- তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা। যাতে করে সরকারী কমিউনিটি রেডিওসমুহে সেপ্টেম্বর মাসে সারা মাসব্যাপী কন্যাশিশু দিবস উল্লেখ করে ছোট ছোট নাটিকা প্রচার, কন্যাশিশু ইস্যুভিত্তিক তথ্য প্রচারসহ বিভিন্ন কার্যক্রম প্রচার করা হয়। এছাড়া ইলেক্ট্রনিক্স মিডিয়ায় দিবসকে ঘিরে টকশো আয়োজনের চেষ্টা করা হবে। সাধারণ সভায় এ সংক্রান্ত একটি মিডিয়া কমিটি গঠণ করা হয়। মিডিয়া কমিটির সদস্যগণ হলেন -
<table>
<tr><th>সংগঠনের নাম</th><th>সদস্য এর নাম</th></tr>
<tr><td>প্ল্যান বাংলাদেশ</td><td>জনাব ফারুখ আহমেদ</td></tr>
<tr><td>লাইফ সেন্টার</td><td>জনাব মেহেদি হাসান</td></tr>
<tr><td>একলাব</td><td>জনাব রুমা পারভিন</td></tr>
<tr><td>এএসডি</td><td>জনাব ফারহানা সুলতানা</td></tr>
<tr><td>দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ</td><td>জনাব আহসানা জামান</td></tr>
</table>
মিডিয়া কমিটির সভা ঈদ এর ছুটির পরে অনুষ্ঠিত হবে।</td></tr>
<tr><td>৫</td><td>চিত্রাঙ্কণ প্রতিযোগিতা</td><td>সভায় দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কণ প্রতিযোগিতার বিষয় প্রাথমিকভাবে আলোচনা করা হয়। বিষয় সমুহ হলো :
• ক বিভাগ(০৩ বছর-০৬ বছর) - “উম্মুক্ত”
• খ বিভাগ(০৭ বছর-০৯ বছর) - ”আমি কি খাই” অথবা পুষ্টি বিষয়ক যেকোন বিষয়
• গ বিভাগ (১০ বছর-১২ বছর) - নির্ধারন করা হয়নি
• ঘ বিভাগ (১৩ বছর-১৬ বছর) - জলবায়ু পরিবর্তন
তবে, সিদ্ধান্ত হয়- বিশিষ্ট ২/১জন চিত্রশিল্পীর সঙ্গে আলোচনার মাধ্যমে বিষয়সমূহ চুড়ান্ত করা হবে।</td></tr>
<tr><td>৬</td><td>তহবিল সংক্রান্ত</td><td>সভায় আসন্ন কন্যাশিশু দিবস’ ২০১৪ উদযাপন উপলক্ষে তহবিল সংক্রান্ত বিষয় আলোচনা করা হয়। তহবিল বিষয়ে সকল সদস্য সংগঠণ, ব্যক্তি সদস্যগণকে সক্রিয় হবার বিষয়ে বৈঠকে জোড়ালোভাবে আলোচনা করা হয়। দিবস উদযাপন’১৪র তহবিল সংক্রান্ত বিষয়ে বেশকিছু প্রতিশ্রুতি পাওয়া যায়।
নিম্নে বিস্তারিত আলোচনা করা হলো -
• অপরাজেয় বাংলাদেশ- আয়োজিত সভায় লিফলেট এর সম্পূর্ণ খরচ বহণ করার জন্য অপরাজেয় বাংলাদেশকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। এছাড়া পোষ্টার প্রিন্টের আংশিক খরচ অপরাজেয় বাংলাদেশ বহন করবে বলে পূর্বেই সচিবালয়কে অবহিত করেছিল।
• প্ল্যান বাংলাদেশ - পোষ্টার প্রিন্টের আংশিক ব্যয়, র‌্যালি আয়োজন এর আংশিক ব্যয়, জার্নাল ‘কন্যাশিশু” প্রকাশের সার্বিক ব্যয় এবং বাংলা এবং ইংরেজী দুটি জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের সার্বিক খরচ বহন করবে।
• ইউএসসি কানাডা বাংলাদেশ - পোষ্টার ছাপানোর আংশিক তহবিল প্রদান করবে।
• ভূঁইঞা ফাউন্ডেশন- চিত্রাঙ্কণ প্রতিযোগিতা আয়োজনের সার্বিক ব্যয় ফোরাম সদস্য সংগঠণ ভূঁইঞা ফাউন্ডেশন প্রদান করবে।
• কারিতাস বাংলাদেশ - সভায় রচনা প্রতিযোগিতা আয়োজনে আর্থিক সহায়তা প্রদানের জন্য কারিতাস বাংলাদেশকে অনুরোধ জানানো হয়। এবং ইতিবাচক সাড়া পাওয়া যাবে বলে বৈঠকে আশা প্রকাশ করা হয়।
• ওয়াইডাব্লিউসিএ- র‌্যালিতে অংশগ্রহণকারীদের জন্য ক্যাপ সরবরাহের সার্বিক ব্যয় বহন করবে।
• ডিবেট ফর ডেমোক্রেচি - বিতর্ক প্রতিযোগিতা আয়োজনে প্রতিবছর এর মত এবছরও ডিবেট ফর ডেমোক্রেচি তহবিল প্রদান করবে। একইসাথে দিবসকে ঘিরে শিশু সপ্তাহের মধ্যে যেকোন একদিন হাসান আহমেদ চৌধুরী কিরণের উপস্থাপনায় ইলেক্ট্রনিক চ্যানেল আরটিভিতে রোড টু ডেমোক্রেচি অনুষ্ঠানে কন্যাশিশু ইস্যুতে একটি টকশো আয়োজনের জন্য, ডিবেট ফর ডেমোক্রেটি’র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণকে বিশেষভাবে অনুরোধ জানানো হবে বলে সদস্যগণ একমত হন।
প্রতিশ্রুতি মোতাবেক উক্ত সকল সদস্য সংগঠণকে সাধারণ সভায় সাধুবাদ জানানো হয়, একইসাথে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

অনুষ্ঠিত সভায় তহবিল সংগ্রহ বিষয়ে পূর্ববর্তী কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত পূণরায় আলোচনা করা হয় এবং একই সিদ্ধান্ত নেয়া হয় যে :</td></tr>
</table>

		◄ এবছর **সংগঠণ পর্যায়ে ২০০০** টাকা এবং **ব্যক্তিগত সদস্য পর্যায়ে ১০০০** টাকা তহবিল প্রদান করতে হবে।
৭	**ফোরাম সদস্যগণ এর দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান**	গতবছর ফোরামের বাৎসরিক কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালায় সিদ্ধান্ত নেয়া হয় যে, শিশু অধিকার ও নারী সংশিষ্ট বিভিন্ন ইস্যুতে ফোরাম সদস্যগণের জ্ঞানের পরিধি আরও বাড়ানো এবং তাদের জন্য দক্ষতাবৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হবে। এব্যাপারে ফোরাম সচিবালয় থেকে প্ল্যান বাংলাদেশ এর সাথে যোগাযোগ করা হয়। সদস্য সংগঠণ প্ল্যান বাংলাদেশ এব্যাপারে আগ্রহও পেশ করে, তবে পরবর্তীতে তা কার্যকর হয়নি। অনুষ্ঠিত সভায় পুণরায় এবিষয়ে আলোচনা করা হয়। আগামী ২৭ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত উক্ত বিষয়ে প্রশিক্ষকদের প্রশিক্ষণের আয়োজন করা হবে বলে প্ল্যান বাংলাদেশ সভাকে অবহিত করে। সদস্য সংগঠণ বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ, নারীমৈত্রী, কৈনানীয়া এবং সহযোগি সংগঠণ ইউসেপ বাংলাদেশ অংশগ্রহণকারী প্রেরণ করবে বলে সভাকে জানায়। অংশগ্রহণকারীদের নাম এবং যোগাযোগ নম্বর পরবর্তীতে সচিবালয়কে অবহিত করবে বলে সভায় সিদ্ধান্ত হয়।

অংশগ্রহণকারী সকল সদস্যগণের অংশগ্রহণ এবং মতামত প্রকাশ এবং প্রতিশ্রুতি প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

বিবরণ প্রস্তুতকারী
সৈয়দা আহসানা জামান (এ্যানী)
সমন্বয়ক
সচিবালয়
জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম